# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২২

# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
Website : www.jdpc.gov.bd
E-Mail :info@jdpc.gov.bd

## সূচিপত্র


| ক্রমিক নং | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | ভূমিকা/পরিচিতি/গঠন | | ১ |
| ২ | অর্থায়ন | | ১ |
| ৩ | ভিশন | | ২ |
| ৪ | মিশন | | ২ |
| ৫ | কৌশলগত উদ্দেশ্যেসমূহ (Strategic Objectives) | | ২ |
| | ৫.১ | জেডিপিসির উদ্দেশ্যেসমূহ | ২ |
| | ৫.২ | বাস্তবায়ন (implementation) | ২ |
| ৬। | কার্যাবলী (Functions) | | ২ |
| ৭। | পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর গুরুত্বপূর্ণ কার্যক্রম | | ৩ |
| ৮। | জনবল /সাংগঠনিক কাঠামো | | ৩ |
| ৯। | জনবলের বিবরণ | | ৩ |
| | ৯.১ | বিশেষজ্ঞ পর্যায় কর্মকর্তা | ৩ |
| | ৯.২ | সহযোগী কর্মকর্তা/কর্মচারী | ৩-৪ |
| | ৯.৩ | বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) | ৪ |
| | ৯.৪ | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র | ৪ |
| | ৯.৫ | স্টিয়ারিং কমিটি (বোর্ড অব গভর্নরস এর দায়িত্বরত) | ৪-৫ |
| ১০। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র | | ৫ |
| ১১। | বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ সহায়তা | | ৬ |
| | ১১.১ | উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | ৬ |
| ১২। | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন/অংশগ্রহণ | | ৭ |
| | ১২.১ | বহুমুখী পাটপণ্যের একক মেলা | ৭ |
| | ১২.২ | বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা | ৭ |
| | ১২.৩ | আন্তর্জাতিক মেলায় প্রস্তুতির জন্য আয়োজিত ওয়ার্কশপ | ৮ |
| | ১২.৪ | বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ | ৮ |
| | ১২.৫ | ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | ৮-৯ |
| | ১২.৬ | বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের কাঁচামাল সরবরাহ | ৯ |
| | ১২.৭ | সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালা | ৯ |
| | ১২.৮ | উদ্যোক্তাদের সাথে/মতবিনিময় সভা | ১০ |
| | ১২.৯ | ক্রেতা-বিক্রেতা সম্মেলন | ১০ |
| | ১২.১০ | উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভা | ১০ |
| | ১২.১১ | জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির জন্য স্টেক হোল্ডারদের সাথে সভা | ১০ |
| | ১২.১২ | বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে) | ১১ |
| | ১২.১৩ | বঙ্গবন্ধুর স্মরণে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান | ১১ |
| | ১২.১৪ | এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | ১১ |
| | ১২.১৫ | ই -মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | ১২ |

| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১৩। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ১২ |
| ১৪। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | ১৩ |
| ১৫। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন | ১৩ |
| | ১৫.১ কর্মকর্তা -কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে সম্প্রক্ততা ও সচেতনতা বৃদ্ধি | ১৩ |
| | ১৫.২ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২১-২২ এ উল্লেখিত সেবা সমূহ কার্যকরভাবে প্রদানের জন্য ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধি | ১৩ |
| | ১৫.২.১ নাগরিক সেবা | ১৩-১৪ |
| | ১৫.২.২ প্রতিষ্ঠানিক সেবা | ১৪ |
| ১৬। | উত্তম চর্চা, সদাচার | ১৪ |
| ১৭। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ | ১৫ |
| | ১৭.১ সেবা সহজীকরণ | ১৫ |
| | ১৭.২ সেবা ডিজিটালাইজেশন | ১৫ |
| | ১৭.৩ উদ্ভাবনী ধারণা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটালাইজেশন সংক্রান্ত পর্যালোচনা সভা | ১৫ |
| | ১৭.৪ ই-নথির ব্যবহার বৃদ্ধি | ১৫ |
| | ১৭.৫ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | ১৫ |
| | ১৭.৬ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ১৫ |
| | ১৭.৭ ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১৫-১৬ |
| ১৮। | ভবিষ্যত কর্মপরিকল্পনা | ১৬ |

## ১।	ভূমিকা/পরিচিতি/গঠনঃ

বিশ্ববাজারে পাট এবং প্রচলিত পাটপণ্যের অপেক্ষাকৃত কম চাহিদা ও মূল্য হ্রাস, কৃত্রিম তন্তু এবং বিভিন্ন স্বল্প মূল্যের সিনথেটিক দ্রব্যের ব্যাপক আর্বিভাবের ফলে বাংলাদেশের পাট শিল্প এক চ্যালেঞ্জের সম্মুখীন হয়। এই চ্যালেঞ্জের মোকাবেলা করার লক্ষ্যে প্রচলিত পাটপণ্য সামগ্রীর পাশা-পাশি পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিকল্পে বেসরকারি উদ্যোক্তাদের মাধ্যমে দেশের এবং আন্তর্জাতিক বাজারের চাহিদামাফিক উচ্চমূল্য সংযোজিত উন্নতমানের বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনের শিল্প স্থাপন ও বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০২ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে ইউরোপীয় কমিশনের অর্থায়নে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) স্থাপিত হয়। পাট ও পাটের সাথে অন্যান্য প্রাকৃতিক তন্তু সংমিশ্রনে দেশে ও বিদেশে উদ্ভাবিত নতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে উন্নত মানের পাটপণ্য সামগ্রী উৎপাদন এ বাজারজাতকরণের ব্যবস্থা করে বাংলাদেশের অর্থনীতিতে পাটের গৌরব উজ্জ্বল অবদান পুনরুদ্ধার ও পুনরুজীবন করাই জেডিপিসি’র মুখ্য উদ্দেশ্য। জেডিপিসি জন্মলগ্ন থেকে উন্নতমানের এবং উচ্চমূল্য সংযোজিত পাটপণ্য সামগ্রী উৎপাদনের জন্য বেসরকারি উদ্যোক্তাদেরকে প্রকল্প প্রণয়ন থেকে শুরু করে বিনিয়োগ মূলধনের ব্যবস্থা, প্রযুক্তি সরবরাহ ও প্রয়োগ এবং পণ্য বাজারজাতকরণসহ সর্বপ্রকার সম্প্রসারণমূলক কাজে সহযোগিতা প্রদান করছে। এছাড়া শিল্প উদ্যোক্তাদেরকে তুলনামূলক সহজ শর্তে বিনিয়োগ মূলধন সরবরাহ করার লক্ষ্যে দেশের বাণিজ্যিক ব্যাংকসমূহের সাথে যোগসূত্র স্থাপন করে।

বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির কার্যক্রম অধিকতর বেগবান, সর্বত্র সম্প্রসারণ এবং জাতীয় প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখাসহ বৃহত্তর পরিসরে কর্মপরিকল্পনা গ্রহণ করে  স্থায়ী কাঠামোর অধীনে পরিচালিত হওয়ার প্রয়োজনীয়তা বিবেচনায় জেডিপিসি’র কার্যক্রমের ধারবাহিকতা অব্যহত রাখার লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গত ০২/০১/২০১৮ তারিখে একটি **প্রজ্ঞাপন** জারি করা হয়। প্রজ্ঞাপন মোতাবেক বিদ্যমান ব্যবস্থায় জেডিপিসির কার্যক্রম চলমান রয়েছে।

জেডিপিসি’র প্রধান কার্যালয় অফিস ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকায় অবস্থিত। পাটপণ্য বহুমুখীকরণ প্রক্রিয়া ও কার্যক্রমকে সারা দেশে ছড়িয়ে দেয়ার জন্য দেশের ০৭ টি জেলা শহরে বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) স্থাপন করা হয়েছে। সেন্টারগুলো হলোঃ (১) ঢাকা, (২) চট্রগ্রাম, (৩) রংপুর, (৪) যশোর (৫) টাঙ্গাইল (৬) জামালপুর এবং (৭) রাজশাহী।

জেডিপিসি’র কার্যক্রম দক্ষতার সাথে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষে পাট শিল্প সম্পৃক্ত অন্যান্য সরকারি ও আধা-সরকারি প্রতিষ্ঠান, এনজিও ও শিল্প সংগঠনের সাথে ইতোমধ্যে সংযোগ স্থাপন ও সমন্বয় সাধন করা হয়েছে। কার্যক্রমের সুবিধার্থে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের সাথে MoU স্বাক্ষরিত হয়েছে।

(ক)	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই)
(খ)	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
(গ)	বাংলাদেশ তাঁত বোর্ড (বাতাঁবো)
(ঘ)	বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি)
(ঙ)	British Traidcraft
(চ)	SME Foundation

## ২।	অর্থায়নঃ

জেডিপিসির প্রতিষ্ঠাকালে ইউরোপিয় ইউনিয়ন জেডিপিসি’র জন্য ২০.০০ কোটি টাকা রিভলভিং ফান্ড এবং ৩:০০ কোটি টাকা গ্রান্ট ফান্ড হিসেবে প্রদান করে। ইউরোপিয় ইউনিয়নের পরামর্শ ক্রমে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বেসিক ব্যাংকের মধ্যে ১৯.০৪.২০০১ তারিখে স্বাক্ষরিত MOU অনুযায়ী বেসিক ব্যাংক জেডিপিসির ফান্ড ম্যানেজার হিসেবে কাজ করছে।

## ৩। ভিশনঃ

পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণ।

## ৪। মিশনঃ

বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন উদ্যোক্তা তৈরী, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

## ৫। কৌশলগত উদ্দেশ্যেসমূহ (Strategic Objectives):

### ৫.১। জেডিপিসির উদ্দেশ্যেসমূহঃ

(১) বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে সহায়তা;
(২) বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা;
(৩) বহুমুখী পাটপণ্যের ডিজাইন উন্নয়নে গবেষণা;
(৪) বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ;
(৫) বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তিতে সহায়তা;
(৬) বিদ্যমান ক্রমবর্ধমান জনশক্তিকে বহুমুখী পাটপণ্যের সাথে সম্পৃক্ত করে অর্থনৈতিক কর্মকান্ডকে বেগবানকরণ।

### ৫.২। বাস্তবায়ন (implementation):

(১) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
(২) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
(৩) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
(৪) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
(৫) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

## ৬। কার্যাবলী (Functions):

(১) বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বেসরকারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান;
(২) বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা, ক্রেতা বিক্রেতা সম্মেলন ও বাজার সমীক্ষা ব্যবস্থাকরণ;
(৩) ডাইভারসিফাইড প্রডাক্ট উপযোগী পাটপণ্যের ডিজাইন উন্নয়নে গবেষণার জন্য Research & Development Institution এর গবেষণাকারীদের সহায়তায় ডিজাইন উন্নয়ণ করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থাকরণ;
(৪) বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতামূলক কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন;
(৫) বহুমুখী পাটশিল্প স্থাপনে বেসরকারী উদ্যোক্তাদের উচ্চমূল্য সংযোজিত পাটপণ্য সামগ্রী উৎপাদনে উদ্ভাবিত প্রযুক্তি সরবরাহ ও সহযোগিতা প্রদান;
(৬) উদ্যোক্তাদের সহজ ও সুলভমূল্যে কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান;
(৭) উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির জন্য লিংকেজ সৃষ্টিতে সহায়তা প্রদান;

## ৭। পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর গুরুত্বপূর্ণ কার্যক্রমঃ

- ☞ তাঁত গুচ্ছ এলাকা চিহ্নিতকরণ, তাঁতী নির্বাচন এবং তাদেরকে বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্বুদ্ধ ও সম্পৃক্তকরণ;
- ☞ বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি ও উৎকর্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান;
- ☞ বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতামূলক কর্মশালা আয়োজন;
- ☞ বহুমুখী পাটপণ্যের ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প স্থাপনে আগ্রহী উদ্যোক্তা চিহ্নিতকরণ;
- ☞ বহুমুখী পাটপণ্য উৎপদনকারী উদ্যোক্তাদের প্রয়োজনানুসারে সেবা সম্প্রসারণ, কারিগরী, প্রযুক্তি ও বিপণন সহায়তাসহ প্যাকেজ অব সার্ভিসেস প্রদান;
- ☞ বহুমুখী পাটপণ্যের মেলা ও প্রদর্শনীর আয়োজন;
- ☞ স্থানীয় ও শহরের ক্রেতাদের সাথে সংযোগ স্থাপনে সহায়তা প্রদান;
- ☞ বহুমুখী পাটপণ্যের উপাত্ত ব্যাংক স্থাপন এবং কেন্দ্রের আওতাধীন এলাকা সম্পর্কিত তথ্যাবলী সংরক্ষণ ও সরবরাহকরণ;
- ☞ স্থানীয় ভিত্তিক নকশা ও নমুনা উন্নয়ন এবং পল্লী অঞ্চলের ভোক্তাদের মধ্যে বিতরণ;
- ☞ উৎপাদনকারীদেরকে নির্মিত নকশা নমুনা সরবরাহকরণ;
- ☞ পণ্যের গুনগত মান উন্নয়ন ও বাজার বিস্তৃতির জন্য ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন;
- ☞ বর্তমানে উৎপাদিত পাটের বহুমুখী পণ্য সামগ্রী ও পাটের বহুমুখী প্রয়োগের ক্ষেত্র সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে উৎপাদিত পণ্য সামগ্রী নিয়মিত প্রদর্শনের ব্যবস্থাকরণ;
- ☞ চাহিদা অনুযায়ী যৌক্তিক মূল্যে কাঁচামাল ও এ্যাক্সেসরিজ সরবরাহের ব্যবস্থাকরণ;
- ☞ সেবা কেন্দ্রের পরিসীমার উৎপাদকদের ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন;
- ☞ সরকারী, বেসরকারী ও অন্যান্য প্রতিষ্ঠান/সংস্থার সাথে সমন্বয় ও যোগাযোগের ব্যবস্থা গ্রহণ।

## ৮। জনবল /সাংগঠনিক কাঠামোঃ

জেডিপিসি'র ব্যবস্থাপনার জন্য একজন নির্বাহী পরিচালক ও তিন জন পরিচালকসহ মোট ৫০ জন সহযোগী কর্মকর্তা/কর্মচারী রয়েছে। জেডিপিসি'র কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে নির্দেশনা প্রদানের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে ২৩ সদস্য বিশিষ্ট একটি স্টীয়ারিং কমিটি গভর্নিং বডি হিসেবে দায়িত্ব পালন করে।

## ৯। জনবলের বিবরণঃ

### ৯.১। বিশেষজ্ঞ পর্যায় কর্মকর্তা

| | | | |
|---|---|---|---|
| (১) | নির্বাহী পরিচালক | - | ০১ জন |
| (২) | পরিচালক (বাজার গবেষণা ও উন্নয়ন) | - | ০১ জন |
| (৩) | পরিচালক (বাস্তবায়ন পরিধারণ ও মূল্যায়ন) | - | ০১ জন |
| (৪) | পরিচালক (ডিজাইন ও ফ্যাশন) | - | ০১ জন |
| | | **মোট** | **০৪ জন** |

### ৯.২ সহযোগী কর্মকর্তা/কর্মচারী

| | | | |
|---|---|---|---|
| (১) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ | - | ০১ জন |
| (২) | মার্কেট প্রমোশন এক্সিকিউটিভ | - | ০১ জন |
| (৩) | সিনিয়র ডিজাইন এন্ড ফ্যাশন এক্সিকিউটিভ | - | ০১ জন |
| (৪) | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ | | ০১ জন |

| | | | |
|---|---|---|---|
| (৫) | প্রশাসনিক কর্মকর্তা | - | ০১ জন |
| (৬) | হিসাব রক্ষণ কর্মকর্তা | | ০১ জন |
| (৭) | লিয়াজো অফিসার | | ০১ জন |
| (৮) | পার্সোনাল অফিসার | | ০৪ জন |
| (৯) | হিসাব সহকারী -তথা-ক্যাশিয়ার | | ০১ জন |
| (১০) | কম্পিউটার ও ডাটা ব্যাংক অপারেটর | | ০১ জন |
| (১১) | গাড়ী চালক | | ০৪জন |
| (১২) | বার্তাবাহক | | ০২জন |
| (১৩) | এমএলএসএস | | ০৪জন |
| (১৪) | ক্লিনার | | ০১ জন |
| (১৫) | মালি | | ০১ জন |
| | | **মোট** | **২৫ জন** |

**৯.৩ বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি)**

| | | | |
|---|---|---|---|
| (১) | সেন্টার ইন চার্জ | - | ০৬ জন |
| (২) | এক্সটেনশন এ্যান্ড মার্কেটিং এ্যাসিস্ট্যান্ট | - | ০৬ জন |
| (৩) | এমএলএসএস | - | ০৬ জন |
| | | **মোট** | **১৮ জন** |

**৯.৪ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র**

| | | | |
|---|---|---|---|
| (১) | ম্যানেজার (অপারেশন) | - | ০১ জন |
| (২) | ম্যানেজার (সেলস এন্ড মার্কেটিং) | - | ০১ জন |
| (৩) | সেলস এক্সিকিউটিভ | - | ০১ জন |
| | | **মোট** | **০৩ জন** |

মোট (৯.১+৯.২+৯.৩+৯.৪) জনবল - ৫০ জন

কর্মরত (৯.১+৯.২+৯.৩+৯.৪) জনবল - ৪৬ জন

**৯.৫ স্টিয়ারিং কমিটি (বোর্ড অব গভর্নরস এর দায়িত্বরত)**

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব ,বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - | চেয়ারম্যান |
| ২. | চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি), আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা। | - | সদস্য |
| ৩. | চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড (বাতাঁবো), বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার (৫ম তলা), তেজগাঁও, ঢাকা। | | |
| ৪. | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা। | - | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - | সদস্য |
| ৭. | মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, করিম চেম্বার ভবন, ঢাকা। | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৮. | যুগ্মসচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - | সদস্য |
| ৯. | শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবপদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ১০. | বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ১১. | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি (সদস্য পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ১২. | মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই), মানিক মিয়া এ্যাভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা। | - | সদস্য |
| ১৪. | পরিকল্পনা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ১৫. | আইএমইডি'র একজন প্রতিনিধি (মহাপরিচালক পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ১৬. | ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, সেনা কল্যাণ ভবন (৫ম তলা), ১৯৫ মতিঝিল বা/এ, ঢাকা। | - | সদস্য |
| ১৭. | চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ), আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা। | - | সদস্য |
| ১৮. | চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন (বিজেএসএ), ৫৫ পুরানা পল্টন, ঢাকা। | - | সদস্য |
| ১৯. | দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই), ফেডারেশন ভবন, মতিঝিল বা/এ, ঢাকা। একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ২০. | ঢাকা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাষ্ট্রি (ডিসিসিআই), ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা। একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নীচে নয়)। | - | সদস্য |
| ২১. | জনাব মোঃ রাশেদুল করীম মুন্না, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েশন (প্রাঃ) লিঃ। | - | সদস্য |
| ২২. | মিসেস কোহিনুর ইয়াছমিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, "তরঙ্গ"। | - | সদস্য |
| ২৩. | নির্বাহী পরিচালক, জেডিপিসি। | - | সদস্য-সচিব |

## ১০। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রঃ

বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের পাটপণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতাদের চাহিদা মাফিক পাটপণ্য সহজলভ্য করার প্রয়াসে গত ১২ জানুয়ারী ২০১৭ থেকে জেডিপিসি ভবনে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে। সেখানে উচ্চমানসম্পন্ন বহুমুখী পাটপণ্যের বিশাল মজুদ রয়েছে এবং বহুমুখী পাটপণ্যের সহজলভ্যতা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ একটি কেন্দ্রেই বিভিন্ন প্রকার আকর্ষণীয় পাটপণ্য পাওয়ার ফলে সময়ের সাথে সাথে ক্রমাগত পাটপণ্যের বহুবিধ ব্যবহার বৃদ্ধি পাচ্ছে।





প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র

## ১১। বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ সহায়তাঃ

জেডিপিসি'র নিয়মিত কার্যক্রমের মধ্যে প্রশিক্ষণ অন্যতম। জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টিসহ মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানে বিশাল ভূমিকা রাখছে। জেডিপিসি ২০২১-২০২২ অর্থবছরে ৬ টি ক্যাটাগরীর (দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, উচ্চ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, মার্কেটিং এর উপর প্রশিক্ষণ, পণ্যের গুনগতমানে উন্নয়ন প্রশিক্ষণ, পণ্যের মূল্য নির্ধারণ প্রশিক্ষণ ও ডিজাইন উন্নয়ন প্রশিক্ষণ) মাধ্যমে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করে। বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাগণ যাতে বহুমুখী পাটপণ্য উৎপাদনের পর দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বহুমুখী পাটপণ্য বাজারজাতকরণ করতে পারে সে লক্ষ্যে বাজারজাতকরণ কৌশল, আধুনিক বাজারজাতকরণ পদ্ধতি, ই- মার্কেটিংসহ বিভিন্ন প্রকার বাজারজাতকরণ কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলে বহুমুখী পাটপণ্যর গুনগত মান উন্নয়নের জন্য পন্যের গুনগতমান উন্নয়ন পদ্ধতি, ডিজাইন উন্নয়ন, কোয়ালিটি কন্ট্রোল, কোয়ালিটি চেকিং, পণ্যের বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি সংশোধনসহ সঠিক ভাবে পণ্যের মূল্য নির্ধারণ করতে পারে।

### ১১.১ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণঃ

বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ২৯১ জন উদ্যোক্তাকে হাতে কলমে বহুমুখী পাটপণ্য (অফিস ব্যাগ লেডিস ব্যাগ, স্কুল ব্যাগ, ল্যাপটপ ব্যাগ, টিস্যু ব্যাগ ও ফাইল ফোল্ডার) তৈরী ইত্যাদি বিষয়ে জেডিপিসি ও জেইএসসি সমূহের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

| ক্রমিক নং | স্থান | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১। | ঢাকা | ০৮-১২ আগষ্ট ২০২১ | ৩৮ জন |
| ০২। | রংপুর | ২৫ আগষ্ট-০৩ সেপ্টেম্বর ২০২১ | ২৬ জন |
| ০৩। | জামালপুর | ২০-২৯ সেপ্টেম্বর ২০২১ | ২০ জন |
| ০৪। | চট্রগ্রাম | ২১-৩০ অক্টোবর ২০২১ | ২০ জন |
| ০৫। | ঢাকা | ২৪ জানুয়ারী -০৩ ফেব্রুয়ারি /২০২২ | ২০ জন |
| ০৬। | মাগুরা | ২৪ মার্চ-০২ এপ্রিল ২০২২ | ২০ জন |
| ০৭। | রংপুর | ১৭-২৬ এপ্রিল ২০২২ | ২০ জন |
| ০৮। | টাঙ্গাইল | ৩১ মে-০৯ জুন ২০২২ | ২০ জন |
| ০৯। | ফরিদপুর | ০৮-১২ জুন ২০২২ | ২৩ জন |
| ১০। | জামালপুর | ২০-২৪ জুন ২০২২ | ২০ জন |
| ১১। | যশোর | ২০-২৪ জুন ২০২২ | ২০ জন |
| ১২। | ঢাকা | ২৭-২৯ জুন ২০২২ | ২৪ জন |
| **13**। | চট্টগ্রাম | ২৭ জুন -০১ লা জুলাই ২০২২ | ২০ জন |






উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ

## ১২। বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন/অংশগ্রহণঃ

বহুমুখী পাটপণ্য উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণ এবং পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির উদ্দেশ্যে জেডিপিসি ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় একক ও যৌথভাবে বহুমুখী পাটপণ্য মেলার আয়োজন করে থাকে

### ১২.১ বহুমুখী পাটপণ্যের একক মেলাঃ

| ক্রমিক নং | মেলার নাম | স্থান | সময়কাল | উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | বহুমুখী পাটপণ্যের একক মেলা | জেডিপিসি, ঢাকা | ০৬-০৮ মার্চ ২০২২ | ৩৩ জন |
| ০২। | বহুমুখী পাটপণ্যের একক মেলা | কক্সবাজার | ২৮ মার্চ-০১ এপ্রিল ২০২২ | ৩১ জন |





জাতীয় পাট দিবস উপলক্ষ্যে বহুমুখী পাটপণ্যের একক মেলা





কক্সবাজার বহুমুখী পাটপণ্যের একক মেলা

### ১২.২ বহুমুখী পাটপণ্যের যৌথ মেলাঃ

| ক্রমিক নং | মেলার নাম | স্থান | সময়কাল | উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | ৯ম জাতীয় এসএমই পণ্য মেলা-২১ | বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | ০৫-১২ ডিসেম্বর ২০২১ | ০১ টি স্টল |
| ০২। | ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২২ | পূর্বাচল, ঢাকা | ০১-৩১ জানুয়ারী ২০২২ | ১৩ টি প্রতিষ্ঠান |
| ০৩। | উদ্যোক্তা মেলা-২০২২ | টাঙ্গাইল | ১০-২৪ মার্চ ২০২২ | ০৪ টি প্রতিষ্ঠান |

## ১২.৩ আন্তর্জাতিক মেলায় প্রস্তুতির জন্য আয়োজিত ওয়ার্কশপঃ

| ক্রমিক নং | ওয়ার্কশপ নাম | স্থান | সময়কাল | উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | জেডিপিসি, ঢাকা | ২১ নভেম্বর ২০২১ | ৪০ জন |

## ১২.৪ বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপঃ

| ক্রমিক নং | ওয়ার্কশপের নাম | স্থান | সময়কাল | অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ | জেডিপিসি, ঢাকা | ২১ এপ্রিল ২০২২ | ৩২ জন |





বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ

## ১২.৫ ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপঃ

বহুমুখী পাটপণ্যে দেশীয় এবং আন্তর্জাতিক বাজার উপযোগী ডিজাইন সংক্রান্ত দিক-নিদের্শনা প্রণয়নের লক্ষ্যে বহুমুখী পাটপণ্য উদ্যোক্তা, সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ এবং ডিজাইনারদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে দিনব্যাপী ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়। বহুমুখী পাটপণ্যের ডিজাইন সংক্রান্ত প্রচলিত ধারা এবং চ্যালেঞ্জসমূহ কাটিয়ে উঠে কিভাবে সামনে আরো যুগোপযোগী ডিজাইন উন্নয়ন করা যায় সে বিষয়ে নির্দেশনা প্রাপ্তির লক্ষ্যে কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের কারুশিল্প বিভাগের চেয়ারম্যান এবং যাত্রা এর সিনিয়ার ফ্যাশন ডিজাইনার রিসোর্স পার্সন হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়া 'CBI' নেদারল্যান্ডস্ এর লোকাল এক্সপার্ট জনাব তুষার কণা খন্দকার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ৩ (তিন) জন শিক্ষক কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উদ্যোক্তাদের প্রদত্ত ডিজাইনসমূহ থেকে পাটপণ্য প্রস্তুত করার জন্য চারুকলা অনুষদের ৫ (পাঁচ) জন শিক্ষার্থী এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও জেডিপিসির নির্বাহী পরিচালক কর্মশালার উপস্থিত ছিলেন।

| ক্রমিক নং | ওয়ার্কশপের নাম | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | জেডিপিসি, ঢাকা | ০৩ ফেব্রুয়ারি ২০২২ | ২০ জন |
| ০২। | ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | জেডিপিসি, ঢাকা | ৩০ মার্চ ২০২২ | ২০ জন |






ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ

## ১২.৬ বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের কাঁচামাল সরবরাহঃ

☞ ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যায্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাঁদের উৎপাদন বাধাগ্রস্ত হয় এবং অনেক ক্ষেত্রে উৎপাদন খরচ তুলনামূলক বেশী পড়ে। এ অবস্থার উন্নয়নের জন্য বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) ঢাকা ও রংপুর এর অধীন ০২ টি কাঁচামাল ব্যাংক রয়েছে। এ সকল ব্যাংক থেকে সুলভ মূল্যে উদ্যোক্তাদের চাহিদা অনুসারে কাঁচামাল সরবরাহ করা হয়। ২০২১-২২ অর্থ বছরে ৬০,৫০৬ গজ/মিটার সরবরাহ করা হয়েছে।





কাঁচামাল ব্যাংক

## ১২.৭ সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালাঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালা | রংপুর | ০৩ সেপ্টেম্বর ২০২১ | ৩২ জন |
| ০২। | সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালা | ফরিদপুর | ০৮ জুন ২০২২ | ৪২ জন |
| ০৩। | সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালা | টাঙ্গাইল | ৩১ মে ২০২২ | ৪৮ জন |
| ০৪। | সচেতনতা/উদ্বুদ্ধকরণ কর্মশালা | জামালপুর | ২৪ জুন ২০২২ | ২৪ জন |

## ১২.৮ উদ্যোক্তাদের সাথে/মতবিনিময় সভাঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | উদ্যোক্তাদরে সাথে মতবিনিময় সভা | জেডিপিসি, ঢাকা | ০৮আগষ্ট ২০২১ | ৩২ জন |
| ০২। | উদ্যোক্তাদরে সাথে মতবিনিময় সভা | জেডিপিসি, ঢাকা | ০৯ সেপ্টেম্বর ২০২১ | ৩৬ জন |
| ০৩। | উদ্যোক্তাদরে সাথে মতবিনিময় সভা | জেডিপিসি, ঢাকা | ২০ নভেম্ভর ২০২১ | ৫৩ জন |
| ০৪। | উদ্যোক্তাদরে সাথে মতবিনিময় সভা | জেডিপিসি, ঢাকা | ২৬ মে ২০২২ | ৬৩ জন |

## ১২.৯ ক্রেতা-বিক্রেতা সম্মেলনঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | ক্রেতা-বিক্রেতা সম্মেলন | খাসবাগ, রংপুর | ২১ সেপ্টেম্বর ২০২১ | ২৪ জন |
| ০২। | ক্রেতা-বিক্রেতা সম্মেলন | কক্সবাজার | ২৯ মার্চ ২০২২ | ২৩ জন |

## ১২.১০ উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভাঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভা | জেডিপিসি, ঢাকা | ১২ জুলাই ২০২১ | ২২ জন |

## ১২.১১ জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির জন্য স্টেক হোল্ডারদের সাথে সভাঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির জন্য স্টেক হোল্ডারদের সাথে সভা | জেডিপিসি, ঢাকা | ০৩ নভেম্বর ২০২১ | ১১ জন |





জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির জন্য স্টেক হোল্ডারদের সাথে সভা

## ১২.১২ বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে)ঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে) | জেডিপিসি, ঢাকা | ০৮ মার্চ ২০২২ | ১৩ জন |



বঙ্গাবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে)

## ১২.১৩ বঙ্গাবন্ধুর স্মরণে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদানঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | বঙ্গাবন্ধুর স্মরণে অ্যাওয়ার্ড/ সম্মাননা প্রদান | জেডিপিসি, ঢাকা | ০৮ মার্চ ২০২২ | ০৩ জন |



বঙ্গাবন্ধুর স্মরণে অ্যাওয়ার্ড/ সম্মাননা প্রদান

## ১২.১৪ এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | জেডিপিসি, ঢাকা | ০৬ ফেব্রুয়ারি ২০২২ | ১৬ জন |

### ১২.১৫ ই -মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | ই -মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ০৯ সেপ্টেম্বর ২০২১ | ২৩ জন |
| ০২। | ই -মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ০২ ফেব্রুয়ারি ২০২২ | ২০ জন |
| ০৩। | ই -মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ০৯ ফেব্রুয়ারি ২০২২ | ২০ জন |

## ১৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | সেবা সহযোগিকরণ/উন্নয়ন বিষয়ে (Stakeholders) দের সাথে মতবিনিময় সভা | জেডিপিসি, ঢাকা | ০৭ আগষ্ট ২০২১ | ১৬ জন |
| ০২। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | জেডিপিসি, ঢাকা | ০৮ আগষ্ট ২০২১ | ৩২ জন |
| ০৩। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে নৈতিকতা কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ২৫ আগষ্ট ২০২১ | ০৮ জন |
| ০৪। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহনে চাকুরী সংক্রান্ত নথি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ২০ সেপ্টেম্বর ২০২১ | ১৬ জন |
| ০৫। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে নৈতিকতা কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ০৯ ডিসেম্বর ২০২১ | ০৮ জন |
| ০৬। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ০৯ ডিসেম্বর ২০২১ | ১৬ জন |
| ০৭। | দুর্নীতি রোধে করণীয় বিষয়ক কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ১২ ডিসেম্বর ২০২১ | ১৬ জন |
| ০৮। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে নৈতিকতা কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ১৭ ফেব্রুয়ারি ২০২২ | ০৮ জন |
| ০৯। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে তথ্য অধিকার প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ১৭ ফেব্রুয়ারি ২০২২ | ২০ জন |
| ১০। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholeers) অংশগ্রহণে সভা | জেডিপিসি, ঢাকা | ২০ এপ্রিল ২০২১ | ৩০ জন |
| ১১। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে নৈতিকতা কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ২৮ এপ্রিল ২০২২ | ০৮ জন |
| ১২। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ২৮ এপ্রিল ২০২২ | ২০ জন |
| ১৩। | দুর্নীতি রোধে করণীয় বিষয়ক কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ১৩ জুন ২০২২ | ২০ জন |

## ১৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়ার বিষয়ে প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ২৮ জুলাই ২০২১ | ১৩ জন |
| ০২। | অভিযোগ নিস্পত্তি ব্যবস্থাপনা (GRS) বিষয়ে কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ৩০ সেপ্টেম্বর ২০২১ | ৭ জন |
| ০৩। | অভিযোগ নিস্পত্তি ব্যবস্থাপনা (GRS) বিষয়ে কমিটির সভা | জেডিপিসি, ঢাকা | ৯ নভেম্বর ২০২১ | ৭ জন |
| ০৪। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | জেডিপিসি, ঢাকা | ২০ নভেম্বর ২০২১ | ৫৩ জন |
| ০৫। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়ার বিষয়ে প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ৮ ডিসেম্বর ২০২১ | ১৩ জন |
| ০৬। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়ার বিষয়ে প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ৩০ জানুয়ারি ২০২২ | ১৩ জন |
| ০৭। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | জেডিপিসি, ঢাকা | ২৪ মার্চ ২০২২ | ২৫ জন |
| ০৮। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সফটওয়ার বিষয়ে প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ১৮ জুন ২০২২ | ১৪ জন |

## ১৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নঃ

### ১৫.১ কর্মকর্তা -কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে সম্প্রক্ততা ও সচেতনতা বৃদ্ধিঃ

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রনয়ণ সংক্রান্ত নির্দেশিকা বাস্তবায়ন অবহিতকরণ সভা | জেডিপিসি, ঢাকা | ৭ জুলাই ২০২১ | ১০ জন |
| ০২। | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের অংশগ্রহণে জেডিপিসি’র সেবার তালিকা বাস্তবায়ন অবহিতকরণ সভা | জেডিপিসি, ঢাকা | ১৭ আগষ্ট ২০২১ | ১৭ জন |
| ০৩। | সকল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে জেডিপিসি’র সেবার তালিকা বাস্তবায়নে অবহিতকরণ সভা | জেডিপিসি, ঢাকা | ২৩ সেপ্টেম্বর ২০২১ | ১৭ জন |

**১৫.২ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২১-২২ এ উল্লেখিত সেবা সমূহ কার্যকরভাবে প্রদানের জন্য ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধিঃ**

**১৫.২.১ নাগরিক সেবাঃ**

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | জেডিপিসি'র কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে তথ্য অধিকার আইনের আওতায় নাগরিককে তথ্য প্রদান সংক্রান্ত প্রশিক্ষণ | জেডিপিসি, ঢাকা | ২৬ অক্টোবর ২০২১ | ১৮ জন |
| ০২। | সেবা প্রদানের গুরুত্ব বিষয়ে অবহিতকরণ সভা | জেডিপিসি, ঢাকা | ৩০ নভেম্বর ২০২১ | ০৮ জন |
| ০৩। | সেবা প্রদানের মানষিকতার পরিবর্তন বিষয়ক কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ০৮ ডিসেম্বর ২০২১ | ১৬ জন |

**১৫.২.২ প্রতিষ্ঠানিক সেবাঃ**

| ক্রমিক নং | বিবরণ | স্থান | সময়কাল | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | সেবা কার্যক্রম ডিজিটালাইজেশন এর গুরুত্ব বিষয়ক কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ০২ মার্চ ২০২২ | ১৮ জন |
| ০২। | নির্ধারিত সময়ে সেবা প্রদানের গুরুত্ব অবহিতকরণ সভা | জেডিপিসি, ঢাকা | ০২ মার্চ ২০২২ | ০৬ জন |
| ০৩। | সেবা প্রদানে মানষিকতার পরিবর্তন বিষয়ক কর্মশালা | জেডিপিসি, ঢাকা | ০৭ জুন ২০২২ | ১৯ জন |

## ১৬। উত্তম চর্চা, সদাচারঃ

- ☞ অফিসিয়াল দৈনন্দিন কাজ/ইস্যুর বিষয়ে জেডিপিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয় এবং সকলের মতামতের ভিত্তিতে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণের প্রচেষ্টা নেয়া হয়।

- ☞ জেডিপিসি'র কার্যক্রমসমূহের যথাসময়ে মানসম্মত বাস্তবায়ন এবং কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে ০৪টি কমিটি গঠন করা হয়েছে। কমিটি গুলো হলোঃ
  - ১। এপিএ কমিটি
  - ২। জিআরএস কমিটি
  - ৩। ইনোভেশন কমিটি
  - ৪। শুদ্ধাচার কমিটি
- ☞ জেডিপিসি'র website আকর্ষণীয় উপস্থাপন এবং সমৃদ্ধ করা হয়েছে। ওয়েবসাইটটি a2i প্রকল্পের সহযোগিতায় ন্যাশনাল ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত করা হয়েছে।

- ☞ প্রতিষ্ঠানের কাজ গতিশীল করা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের জন্য নতুন নতুন পন্থা উদ্ভাবন ও সেগুলোকে চর্চা করার লক্ষ্যে জেডিপিসি'র ইনোভেশন টীম কাজ করছে।
- ☞ জেডিপিসি'র তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী, টেলিফোন নম্বর এবং তথ্য প্রদান সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। জনগণের তথ্য জানার অধিকার সমুন্নত রাখার লক্ষ্যে সম্ভাব্য সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

## ১৭। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ

### ১৭.১ সেবা সহজীকরণঃ

- ☞ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে অনলাইন ভিত্তিক বিপণন/সংযোগ সুবিধা প্রচলনে উদ্যোক্তাদের বিক্রিত পণ্যের মূল্য পরিশোধের জন্য Electronic Funds Transfer (EFT)-এর মাধ্যমে পরিশোধ ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে।

### ১৭.২ সেবা ডিজিটালাইজেশনঃ

- ☞ কাঁচামাল ব্যাংক ব্যবস্থাপনার জন্য কাঁচামালের তালিকা, নতুন ও পুরাতন স্টক, রিকুইজিশন, মাসিক ক্রয়-বিক্রয়, কাঁচামাল সংক্রান্ত বিভিন্ন তথ্য উপাত্ত সংবলিত প্রতিবেদন তৈরি ইত্যাদি কার্যক্রম সহজে সম্পাদনের লক্ষ্যে "কাঁচাল ব্যাংকের ইনভেন্টরি ম্যানেজমেন্ট" নামে ডিজিটালাইজড সফটওয়্যার চালু করা হয়েছে এবং নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে।

### ১৭.৩ উদ্ভাবনী ধারণা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটালাইজেশন সংক্রান্ত পর্যালোচনা সভাঃ

- ☞ ইনোভেশন টিম এর উদ্যোগে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সহযোগিতায় উদ্ভাবনী ধারণা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটালাইজেশন সংক্রান্ত পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা/সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে।

### ১৭.৪ ই-নথির ব্যবহার বৃদ্ধিঃ

- ☞ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী কার্যক্রম ই-নথিতে নিস্পত্তি করা হচ্ছে।

### ১৭.৫ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনঃ

- ☞ বর্তমানে বিশ্বব্যাপী উন্নত ও উন্নয়নশীল অনেক দেশ ৪র্থ শিল্প বিপ্লবের যাত্রায় পথচলা শুরু করেছে। ইন্টারনেট প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা আর মেশিন লার্নিংয়ের কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে সেটাই চতুর্থ শিল্পবিপ্লব। এ লক্ষ্য অর্জনে সবচেয়ে বড় ভূমিকা রাখবে ক্লাউড কম্পিউটার, ইন্টারনেট অব থিংস (IoT) এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI)। বাংলাদেশ ইতিমধ্যেই তথ্যপ্রযুক্তিতে অনেক অগ্রসর হয়েছে এবং বর্তমান বিশ্বের আধুনিক তথ্যপ্রযুক্তির সঙ্গে নিজেদের মানিয়ে নিতে কাজ করে যাচ্ছে। ইনোভেশন টিম এর উদ্যোগে জেডিপিসি এর কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং সুযোগ কাজে লাগানোর যথাযথ কৌশল অবলম্বনে করণীয় বিষয় সম্পর্কে ০৪ টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

### ১৭.৬ তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ

- ☞ তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করা হয়েছে;
- ☞ বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

## ১৭.৭ ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নঃ

- ই-নিথি সংক্রান্ত ০২ টি, ই-মার্কেটিং সংক্রান্ত ০১ টি এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০১ টি প্রশিক্ষণ করা হয়েছে।
- কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ০৪ টি সভা করা হয়েছে।
- কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।
- "দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন" প্রোগ্রামের অংশ হিসাবে ২৯মে, ২০২২ তারিখে মোহাম্মদপুর, ঢাকায় অবস্থিত জেডিপিসি'র তালিকাভুক্ত প্রতিষ্ঠান "প্রকৃতি" এর অফিস ও শো-রূম ইনোভেশন টিমের সদস্যদের সাথে নিয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও জেডিপিসি'র নির্বাহী পরিচালক মহোদয় পরিদর্শন করেন। জেডিপিসি'র অন্যতম তালিকাভুক্ত প্রতিষ্ঠান "প্রকৃতি" জেডিপিসি'র জন্মলগ্ন থেকে কাজ করে আসছে। প্রকৃতি "দি সোর্স" নামে পরিচিত বাংলাদেশের একটি ফেয়ার-ট্রেড কোম্পানি। "প্রকৃতি" ২০১৫ সালে ওয়ার্ল্ড ফেয়ার ট্রেড অর্গানাইজেশন (WFTO) এর একটি নিশ্চিত সদস্য পদ লাভ করে তারই পথ ধরে নৈতিক ও সামাজিক মূল্যবোধের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ এবং ফেয়ার ট্রেডের আদর্শ অনুসরণ করে আসছে।

## ১৮। ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ

- প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়ন;
- আন্তর্জাতিক ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন ও MOU এর মাধ্যমে অন্যান্য দেশি বিদেশি প্রতিষ্ঠানের সাথে কাজ করার সুযোগ বৃদ্ধি করা;
- আধুনিক প্রযুক্তিতে অধিক সংখ্যক পাটের ফেব্রিক্স তৈরী;
- ডায়িং লেমিনেইশন ফ্যাক্টরী স্থাপন;
- আধুনিক ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন;
- প্রমোশনাল কার্যক্রম সম্প্রসারণ;
- দেশি বিদেশী মেলায় নিয়মিত অংশগ্রহণ।